

## ■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫০৫১

৬৬/ আল-কুরআনের ফায়লাতসমূহ (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৬৬/৩৪. কতটুকু সময়ে কুরআন খতম করা যায়?

بَابِ فِيْ كَمْ يُقْرَأُ الْقُرْآنُ.

আরবী

عَلَيْ حَدَّثَنَا سُفِيَّانُ قَالَ لِي أَبْنُ شُبْرُمَةَ نَظَرْتُ كَمْ يَكْفِي الرَّجُلُ مِنَ الْقُرْآنِ فَلَمْ أَجِدْ سُورَةً أَقْلَى مِنْ ثَلَاثَ آيَاتٍ فَقُلْتُ لَا يَنْبَغِي لِأَحَدٍ أَقْلَى مِنْ يَقْرَأُ أَقْلَى مِنْ ثَلَاثَ آيَاتٍ قَالَ عَلَيْ حَدَّثَنَا سُفِيَّانُ أَخْبَرَنَا مَنْصُورٌ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدٍ أَخْبَرَهُ عَلْقَمَةُ عَنْ أَبِيهِ مَسْعُودٍ وَلَقِيْتُهُ وَهُوَ يَطْوُفُ بِالْبَيْتِ فَذَكَرَ قَوْلَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ مَنْ قَرَأَ بِالْآيَتَيْنِ مِنْ آخِرِ سُورَةِ الْبَقَرَةِ فِي لَيْلَةٍ كَفَّتَاهُ.

বাংলা

وَقَوْلُ اللَّهِ تَعَالَى (فَاقْرَءُوا مَا تَيَسَّرَ مِنْهُ).

এ সম্পর্কে আল্লাহ তাত্ত্বার কালামঃ "যতটা কুরআন তোমার সহজসাধ্য হয়, ততটাই পড়।"

৫০৫১. সুফ্হিয়ান ইবনু 'উয়াইনাহ (রহ.) বলেন, আমাকে ইবনু সুবরমা (রহ.) বললেন, আমি দেখতে চাইলাম, সালাতে কী পরিমাণ আয়াত পাঠ করা যথেষ্ট এবং আমি তিন আয়াত বিশিষ্ট সূরার চেয়ে ছোট কোন সূরাহ পেলাম না। সুতরাং আমি বললাম, কারো জন্য তিন আয়াতের কম সালাতে পড়া উচিত নয়। আবু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে সাক্ষাৎ করলাম, তখন তিনি বায়তুল্লাহ তাওয়াফ করছিলেন। তখন নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, যদি কেউ সুরা বাকারার শেষ দু' আয়াত রাতে পাঠ করে, তাহলে তা তার জন্য যথেষ্ট। [৪০০৮] (আধুনিক প্রকাশনীঃ ৪৬৭৮, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪৬৮২)

English

Narrated Sufyan:

Ibn Shubruma said, "I wanted to see how much of the Qur'an can be enough (to recite in prayer) and I could not find a Surah containing less than three Verses, therefore I said to myself), "One ought not to recite less than three (Quranic) Verses (in prayer)."

Narrated Abu Mas'ud:

The Prophet (ﷺ) said, "If somebody recites the last two Verses of Surat al-Baqara at night, it will be sufficient for him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ সুফইয়ান বিন উয়াইনাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=29575>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন